রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৩, ২০১৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন**
**সদর দপ্তর, ২২, পুরানা পল্টন, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ পৌষ ১৪২০ বঙ্গাব্দ/৭ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ০৩-আইন/২০১৪ ।**—Bangladesh House Building Finance Corporation Order, 1973 (President's Order No. 7 of 1973) এর section 37 এ প্রদত্ত ক্ষমতাবলে, বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ নিম্নরূপভাবে সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার—

১। তফসিল-১ এর কলাম ২ এ উল্লিখিত—

(ক) ক্রমিক নং ৭ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক ৭ক এবং এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথাঃ—

"৭ক। সিনিয়র প্রোগ্রামার";

(খ) ক্রমিক নং ৯ এর পর নিম্নরূপ দু'টি নূতন ক্রমিক, যথাক্রমে, ৯ক ও ৯খ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"৯ক। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
৯খ। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (নেট)"; এবং

(গ) ক্রমিক নং ১৪ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক ১৪ক এবং এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথাঃ—

"১৪ক। মেডিকেল অফিসার"।


**মূল্য ঃ** টাকা ১২.০০

২। তফসিল-২ এর কলাম ১ এর—

(ক) ক্রমিক নম্বর ৪ এর বিপরীতে কলাম ৪ এবং কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে আউটসোর্সিং এর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সিষ্টেম এনালিষ্ট ও সিনিয়র প্রোগ্রামার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং স্থায়ী চাকুরি। **আউটসোর্সিং এর ক্ষেত্রেঃ** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স, পদার্থবিজ্ঞান, ফলিত পদার্থবিজ্ঞান বা ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা ইলেকট্রিক্যাল বা কম্পিউটার প্রকৌশলে স্নাতক ডিগ্রী থাকিতে হইবে এবং কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে; (খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/ শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ে কম্বাইন্ড গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) ৩.০০ এবং মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ে গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) ৩.৫০ থাকিতে হইবেঃ তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হইবে না; (গ) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত অথবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠিত কম্পিউটার/আইটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সিস্টেম এনালিস্ট পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং (ঘ) কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

”;

(খ) ক্রমিক নম্বর ৫ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | প্রিন্সিপাল অফিসার/নির্বাহী প্রকৌশলী/ প্রোগ্রামার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং স্থায়ী চাকুরি। |

”;

(গ) ক্রমিক নম্বর ৭ এর বিপরীতে কলাম ৪ এবং কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে আউটসোর্সিং এর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (নেট) পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং স্থায়ী চাকুরি।<br>**আউটসোর্সিং এর ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স, পদার্থবিজ্ঞান, ফলিত পদার্থবিজ্ঞান বা ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা ইলেকট্রিক্যাল বা কম্পিউটার প্রকৌশলে স্নাতক ডিগ্রী থাকিতে হইবে এবং কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে;<br>(খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে কম্বাইন্ড গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) ৩.০০ এবং মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ে গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) ৩.৫০ থাকিতে হইবে:<br>তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত অথবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠিত কম্পিউটার/আইটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (নেট) পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

";

(ঘ) ক্রমিক নম্বর ৭ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক নম্বর ৭ক এবং উহার বিপরীতে, যথাক্রমে, কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ক। | সিনিয়র প্রোগ্রামার | অনূর্ধ্ব ৪০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রোগ্রামার পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা এবং স্থায়ী চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ক। | সিনিয়র প্রোগ্রামার | অনূর্ধ্ব ৪০ বৎসর | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে আউট সোর্সিং-এর মাধ্যমে। | **সরাসরি/আউট সোর্সিং-এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান/পদার্থবিজ্ঞান/ফলিত পদার্থবিজ্ঞান/ইলেকট্রনিক্সে স্নাতকোত্তর বা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা ইলেকট্রিক্যাল/ কম্পিউটার প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী; (খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ এবং মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে জিপিএ ৩.৫০ থাকিতে হইবে: তবে শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না; (গ) প্রোগ্রামিং-এ স্ট্যান্ডার্ড এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে; (ঘ) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত অথবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠিত কম্পিউটার/ আইটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রোগ্রামার পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং (ঙ) কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

";

(ঙ) ক্রমিক নম্বর ৯ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | সহকারী প্রকৌশলী পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা এবং স্থায়ী চাকুরী। |

";

(চ) ক্রমিক নম্বর ৯ এর পর নিম্নরূপ দু'টি নূতন ক্রমিক নম্বর ৯ক ও ৯খ এবং উহাদের বিপরীতে, যথাক্রমে, কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ক। | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে আউট সোর্সিং-এর মাধ্যমে। | **সরাসরি/আউট সোর্সিং-এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল/কম্পিউটার প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>(খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ এবং মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে জিপিএ ৩.৫০ থাকিতে হইবে:<br>তবে শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) প্রোগ্রামিং/সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড এপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে;<br>(ঘ) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত অথবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠিত কম্পিউটার/আইটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঙ) কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |
| ৯খ। | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেট) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে আউট সোর্সিং-এর মাধ্যমে। | **সরাসরি/আউট সোর্সিং-এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল/কম্পিউটার প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>(খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ এবং মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে জিপিএ ৩.৫০ থাকিতে হইবে: |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | তবে শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) প্রোগ্রামিং/সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড এপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে;<br>(ঘ) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত অথবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠিত কম্পিউটার/আইটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঙ) কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

";

(ছ) ক্রমিক নম্বর ১৩ এর বিপরীতে কলাম ৪ এবং কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসর্মূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ক) ৩৫% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৬৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা এবং স্থায়ী **চাকুরী**।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল প্রকৌশলে স্নাতক ডিগ্রী থাকিতে হইবে;<br>(খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে কম্বাইন্ড গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) ৩.০০ এবং মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ে গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) ৩.৫০ থাকিতে হইবেঃ<br>তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না। |

";

(জ) ক্রমিক নম্বর ১৪ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক ১৪ক এবং উহার বিপরীতে, যথাক্রমে, কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ক। | মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়েগের মাধ্যমে, সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে/আউটসোর্সিং-এর মাধ্যমে। | **সরাসরি নিয়োগ/আউট সোর্সিং এর ক্ষেত্রেঃ**<br>(ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস ডিগ্রী থাকিতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল-এর রেজিস্টার্ড সদস্য হইতে হইবে। |

";

(ঝ) ক্রমিক নম্বর ১৫ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর বা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক অথবা ইলেকট্রিক্যাল বা কম্পিউটার প্রকৌশলে স্নাতক ডিগ্রী থাকিতে হইবে;<br>(খ) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ে কম্বাইন্ড গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) ৩.০০ এবং মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ে গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) ৩.৫০ থাকিতে হইবে:<br>তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত অথবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠিত কম্পিউটার/আইটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

”;

(ঞ) ক্রমিক নম্বর ১৮ এর বিপরীতে কলাম ৪ এবং কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ক) ৫০% পদে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়েগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>**ডাটা-এন্ট্রি অপারেটর পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর চাকুরীর অভিজ্ঞতা ও স্থায়ী চাকুরী।**<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) ডাটা এন্ট্রি অপারেশনে স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |

”;

(ট) ক্রমিক নম্বর ২০ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) ডাটা এন্ট্রি অপারেশনে স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |

”।

বোর্ডের আদেশক্রমে

**ড. মোঃ নূরুল আলম তালুকদার**
ব্যবস্থাপনা পরিচালক।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd